



রয়েটে ছাত্রী সাবেক নাহার সনি হত্যার ঘটনায় সরকার গঠিত তদন্ত কমিটির রিপোর্ট গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার কাছে তার কার্যালয়ে পেশ করা হয়-ছবি : পিআইডি

বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

শিক্ষা প্রতিষ্ঠানে ১০ হাজার কম্পিউটার দেওয়া হবে

কাগজ প্রতিবেদক : ২৫তম জাতীয় বিজ্ঞান, তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি সপ্তাহ উদ্বোধন করতে গিয়ে প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেছেন, বিজ্ঞানীদের নিত্যনতুন চমক ও আবিষ্কারে বিশ্ব যখন এগিয়ে চলছে তখনো কি আমরা বিস্ময়িত চোখে কেবল তাকিয়ে থাকবো সেটা হতে পারে না। বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে উন্নয়ন কর্মকাণ্ডে গতি সঞ্চার করতে আমাদেরও বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যথাযথ ব্যবহার ও উন্নয়ন সাধন করতেই হবে।

বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে গতকাল দুপুরে বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় আয়োজিত এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। সর্গশ্রী মন্ত্রণালয় সচিব কারার মাহমুদুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিমন্ত্রী ড. মঈন খান বক্তব্য রাখেন বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের পরিচালক হাবিবুর রহমান চৌধুরী, এবং বিজ্ঞান ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব ড. খদিজা বেগম।

প্রধানমন্ত্রী বলেন, '৭৮ সালের পর থেকে গত ২৫ বছর এই প্রযুক্তি ও বিজ্ঞান সপ্তাহ পালন করা হচ্ছে। আজ হিসাব কষতে হবে এই ২৫ বছরে আমরা বিজ্ঞান ও প্রযুক্তি অঙ্গনে কতোটা এগুতে পেরেছি। কেননা এই সময়ের মধ্যে বিশ্বে বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে বিরাট উন্নয়ন হয়েছে, ব্যাপক পরিবর্তন এসেছে, ঘটে গেছে অভূতপূর্ব বিপ্লব। বিজ্ঞানের এই অগ্রগতি মানুষের জ্ঞানভাণ্ডার সমৃদ্ধ করেছে, সুযোগ-সুবিধাকে করেছে প্রসারিত। কিন্তু কেড়ে নিয়েছে বিস্ময়। তিনি আরো বলেন, আমাদের জীবনযাত্রার মান উন্নয়ন এবং আর্থ-সামাজিক উন্নয়নে বিজ্ঞান ও যোগাযোগ প্রযুক্তির ভূমিকা একান্ত অপরিহার্য। সে জন্য বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে প্রাতিষ্ঠানিক ও বাস্তব প্রয়োগে উভয় ধরনের শিক্ষা দেশের সর্বসাধারণের কাছে সহজভাবে পৌঁছে দিতে হবে। এ লক্ষ্যে সরকার আগামী অর্ধবছরে ১০ হাজার কম্পিউটার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করবে। কারণ আমরা কম্পিউটারকে শিক্ষার সঙ্গে এমনভাবে সমৃদ্ধ করতে চাই, যেন তা আমাদের অর্থনৈতিক উন্নতিতে কার্যকর অবদান রাখতে পারে।

প্রধানমন্ত্রী বলেন, বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ পালন শুধু আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ রাখলে চলবে না। একে বাস্তবে প্রয়োগ করতে হবে। তিনি বলেন, আমাদের দেশের গরিব মানুষ যথাসাধ্য বিজ্ঞানীদের সুযোগ-সুবিধা দিচ্ছে। কিন্তু এর বিনিময়ে আমাদের বিজ্ঞানীরা বিজ্ঞান-প্রযুক্তির উন্নয়ন এবং আবিষ্কারের ক্ষেত্রে গরিব জনগণকে কি উপহার দিতে পেরেছেন। সে আশ্বজিজ্ঞাসা আজ বিজ্ঞানীদের করতে হবে।

প্রধানমন্ত্রী তরুণ প্রজন্মকে গ্লোবাল ভিলেজের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে বিজ্ঞান চর্চায় আরো মনোনিবেশ করার আহ্বান জানান।

ড. মঈন খান বলেন, ২০০৫ সালে গার্মেন্টস শিল্প আজকের মতো নাও থাকতে পারে। তখন আমাদের রপ্তানি আয়ের উৎস কি হবে, তা এখন থেকেই ভাবা উচিত। আসলে আগামীতে জাতির সকল আশঙ্কা নস্যাত্ন করতে পারে তথ্য প্রযুক্তি। সফটওয়্যার রপ্তানি করেই বছরে বিলিয়ন বিলিয়ন ডলার আমরা আয়

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ২

শিক্ষা প্রতিষ্ঠানে ১০ হাজার কম্পিউটার

শেষের পাতার পর করতে পারি। তিনি বলেন, আমাদের উন্নতির জন্যই কৃষি নির্ভর অর্থনীতির পরিবর্তে তথ্য প্রযুক্তি নির্ভর অর্থনীতির ভিত রচনা করতে হবে।

বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচিব কারার মাহমুদুল হাসান বলেছেন, তথ্য প্রযুক্তি সম্প্রসারণে সরকার বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। একই বছরের সেপ্টেম্বরের মধ্যে কম্পিউটার শিক্ষার জন্য উপযুক্ত সিলেবাস তৈরি, এই বছরের মধ্যে ইংরেজি জানা ৪৫ হাজার শিক্ষক (পদার্থবিদ্যা ও গণিত বিষয়ে) মবিলাইজ করা, কালিয়াকেরে আইসিটি হাইটেক পর্যন্ত স্থাপনের জন্য ২৬৭ একর জমির অধিগ্রহণ করা হবে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা চূড়ান্ত অনুমোদনের জন্য শিগগির মন্ত্রিসভায় প্রেরণ করা হবে। তাছাড়া, চট্টগ্রামের আনোয়ারায় সমৃদ্ধ গবেষণা ইনস্টিটিউট স্থাপনসহ বিভিন্ন পদক্ষেপ নেওয়া হবে।